



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Program 2nd Semester Examinations, 2023

BENGALI

ছন্দ ও অলঙ্কার

DSC (GROUP-1)

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

১×১০ = ১০

- (ক) পর্ব কত প্রকার ও কী কী ?
- (খ) 'পঞ্চানন' শব্দটির দল বিশ্লেষণ করে দেখাও।
- (গ) দুটি তুলনাবাচক শব্দ উল্লেখ করো।
- (ঘ) কোন ছন্দের শোষণশক্তি সর্বাধিক ?
- (ঙ) একটি যমক অলংকারের দৃষ্টান্ত দাও।
- (চ) দলবৃত্ত ছন্দের অপর একটি নাম লেখো।
- (ছ) শ্লেষ অলংকার কত প্রকার ও কী কী ?
- (জ) একটি মুক্তদলের দৃষ্টান্ত দাও।
- (ঝ) শব্দালংকার কাকে বলে ?
- (ঞ) কলা বলতে কী বোঝো ?
- (ট) লয় কত প্রকার ও কী কী ?
- (ঠ) উপমান কাকে বলে ?
- (ড) প্রাচীন ভারতের একজন আলংকারিকের নাম লেখো।
- (ঢ) দুটি অর্থালংকারের নাম উল্লেখ করো।
- (ণ) 'গগনে ছড়িয়ে এলোচুল
চরণে জড়িয়ে বনফুল।' — এটি কোন্ অলঙ্কারের দৃষ্টান্ত ?

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

৫×১ = ৫

(ক) টীকা লেখো: (দুটি)

২.৫×২ = ৫

পয়ার, যমক, অপভ্রুতি, নিরঙ্গ, রূপক

(খ) অলংকার নির্ণয় করোঃ (দুটি)

(অ) পরপারে দেখি আঁকা,
তরুছায়া মসীমাখা।

(আ) পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।

(ই) উদ্ধৃত যত শাখার শিখরে রডোডেনড্রন গুচ্ছ।

(গ) দৃষ্টান্তসহ লাটানুপ্রাস অলঙ্কারের পরিচয় দাও।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×১ = ১০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ (দুটি)

৫×২ = ১০

(অ) বিলাপ করেন রাম লক্ষ্মণের আগে।
ভুলিতে না পারি সীতা সদা মনে জাগে।

(আ) তেলের শিশি ভাঙলো বলে
খুকুর পরে রাগ করো,
তোমরা যে সব বুড়ো খোকা
ভারত ভেঙ্গে ভাগ করো।

(ই) জনগণমন-অধিনায়ক জয় হে ভারতভাগ্যবিধাতা।
পঞ্জাব সিন্ধু গুজরাট মারাঠা দ্রাবিড় উৎকল বঙ্গ।

(খ) উদাহরণসহ অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) উপমা অলংকারের সংজ্ঞা দাও। উপমার শ্রেণিবিভাগ করে বিভাগগুলির পরিচয় দাও।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১৫×১ = ১৫

(ক) মিশ্রবৃত্ত ছন্দের অপরাপর নামগুলি লেখো। এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) যতি বলতে কী বোঝ ? যতির শ্রেণিবিভাগ করে প্রতিটি শ্রেণির পরিচয় দাও। যতিকে বাংলা ছন্দের প্রাণ বলা হয় কেন ?

(গ) কবিতায় অলংকারের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। অর্থাৎ অলংকারের শ্রেণিগুলির পরিচয় দাও।

—x—